

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,
কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৫৫.২৬.০৮১

তারিখ: ০৮-০৪-২০২৬

বিষয়: তাহিয়া সৌরি নীটওয়ার নামক কারখানার অনুকূলে ৫ম শ্রেণির ১ম এডহক শিল্প আই আর সি জারির সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং ৩০৮, তারিখ ০১-০৪-২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাহিয়া সৌরি নীটওয়ার, অফিস ও কারখানাঃ পুকুরপাড়, কোনাবাড়ি, গাজীপুর। নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। উক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর বস্ত্র/এমআই/আরএমজি/এল-০০০২৯৮-২৬, ০৮-০৩-২০-২৬ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: নিটিং। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের অনুকূলে ৫ম শ্রেণির ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৪,০০,০০,০০০/- (চার কোটি) টাকা নির্ধারণ করে ৫ম শ্রেণির ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ১০০% রপ্তানিমুখী বস্ত্রশিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে তাহিয়া সৌরি নীটওয়ার নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৪,০০,০০,০০০/- (চার কোটি) টাকা নির্ধারণ করে ৫ম শ্রেণির ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামালসমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়ার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

সংযুক্তিঃ বর্ণনামতে।



কামরুল আলম

সহকারী পরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক,

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,

জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৫৫.২৬.০৮১/১ (৬)

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২

০৮ এপ্রিল ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;

০২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;


০৩। ব্যবস্থাপনা অংশীদার, তাহিয়া সৌরি নীটওয়ার, অফিস ও কারখানা: পুকুরপাড়, কোনাবাড়ি, গাজীপুর, ঢাকা;

০৪। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা;

০৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);

০৬। অফিস কপি।




কামরুল আলম
সহকারী পরিচালক